

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.০১৮.০১.৫০.০৫০.২০১১-২৩৩

তারিখ: ২৮/০৫/২০২০ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব নাজমুল হুদা (নবীন), ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট দুর্যোগ মোকাবেলায় জরুরী সরকারি ত্রাণ কার্য পরিচালনায় অবৈধভাবে হস্তক্ষেপ করেন; এবং

যেহেতু, সরকারি জরুরী ত্রাণ তার ইচ্ছামতো তালিকা বর্হিভূতভাবে তাকে প্রদান না করার কারণে টাঙ্গাইল সদর উপজেলার উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) কে মারধর, লাঞ্ছিতকরণ, প্রাণনাশের হুমকি ও সরকারি কর্তব্য পালনে অযাচিত হস্তক্ষেপ ও হেনস্তা করেন; এবং

যেহেতু, ইতোপূর্বে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ব্রীজের টেন্ডার কাজে বাধা প্রদান ও সিডিউল বিক্রি না করার জন্য হুমকি প্রদানসহ ভূমিহীনদের জন্য দুর্যোগসহনীয় ঘর নির্মাণে অবৈধ হস্তক্ষেপ ও পিআইও এর নিকট চাঁদা দাবি করেন; এবং

যেহেতু, করোনা ভাইরাসজনিত বৈশ্বিক মহামারী কালীন প্রধানমন্ত্রীর মানবিক সহায়তা হিসেবে কর্মহীনদের মাঝে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে তালিকা প্রণয়নে অযাচিত হস্তক্ষেপ করেন; এবং

যেহেতু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর এর এহেন কর্মকান্ড উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের মাঝে হতাশা ও ক্ষোভের সৃষ্টি করতে পারে যা সার্বিকভাবে উপজেলা পরিষদের কার্যক্রম বাস্তবায়নে অচলাবস্থার সৃষ্টি ও জনস্বার্থ মারাত্মকভাবে বিঘ্নিত হওয়ার আশংকাসহ অন্যান্য উপজেলায় বিরূপ প্রভাব ফেলতে পারে; এবং

যেহেতু, জনাব নাজমুল হুদা (নবীন), ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর এর বিরুদ্ধে উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩ ধারা অনুযায়ী কার্যক্রম শুরু করা হয়েছে; এবং

যেহেতু, তার স্বীয় পদে বহাল থেকে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালনা করা রাষ্ট্র বা পরিষদের স্বার্থের হানিকর;

সেহেতু, সরকার জনস্বার্থে তাকে তার স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন; এবং উপজেলা পরিষদ আইন-১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ ধারা অনুযায়ী টাঙ্গাইল জেলার টাঙ্গাইল সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব নাজমুল হুদা (নবীন) কে তার স্বীয় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।



(মোহাম্মদ জহিরুল ইসলাম)

উপসচিব

ফোন : ৯৫৭৭২৩০


e-mail : lgd.upazila2@gmail.com

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.০১৮.০১.৫০.০৫০.২০১১-২৩৩

তারিখ: ২৮/০৫/২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৭. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৮. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর।
১০. উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর।
১১. ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর।
১২. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, টাঙ্গাইল।
১৩. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ। (প্রজ্ঞাপনটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)



(মোহাম্মদ জাহিরুল ইসলাম)
উপসচিব